## Regional ToT, Kathmandu, Nepal, 23-26 February 2018

## Handout 2.3 Good practices: Domestic workers' organizations helping to stop child labour in domestic work and protecting young domestic Workers *(Source: IDWF/ILO Handbook on child labour in domestic work)*

## বিলিপত্র ২.৩ ভাল অনুশীলনঃ গৃহকর্মীদের সংস্থা গৃহকর্মে শিশুশ্রম বন্ধে সাহায্য করছে এবং কমবয়সী শিশুশ্রমিকদের নিরাপত্তা দিচ্ছে (সূত্রঃ *IDWF/ILO Handbook on child labour in domestic work*)

বিশ্বের বিভিন্ন প্রান্তের অভিজ্ঞতাগুলি দেখিয়েছে যে শিশু গৃহকর্মীদের সাথে এবং পক্ষে কার্যকরী সমর্থন প্রদান কার্যকরী বিতরণ সেবার সাথে হাতে হাত দেওয়া উচিত যা তাদের নিরাপত্তা প্রদান করে। এই সেবাগুলো শিশু গৃহকর্মীদের জ্ঞান এবং আত্মবিশ্বাস তৈরি করে, এবং পিতামাতা, নিয়োগকর্তা এবং তাদের সমাজের মূল অংশীদারদের আস্থা বৃদ্ধি করে। একই পদ্ধতিতে, যখন লোকেদের মূল্যবান সুবিধা প্রদান করা হচ্ছে, সমর্থন ছাড়াই সেবার ব্যবস্থা ব্যাপক দীর্ঘস্থায়ী পরিবর্তন প্রদান করতে পারে না।

### The interdependence of advocacy and service delivery activities: National Domestic Workers' Movement (NDWM), India

### সমর্থন এবং সেবা দানের পরস্পর নির্ভরশীল কার্যক্রমসমুহঃ জাতীয় গৃহকর্মীদের আন্দোলন (এনডিডব্লিউএম), ইন্ডিয়া

ইন্ডিয়াতে, এনডিডব্লিউএম-এর রাষ্ট্রীয় স্তরের শাখাগুলির দ্বারা শিশু গৃহকর্মীদের জন্য সেবার একটি বিন্যাস গড়া হয়েছে। বিদ্যালয়ে দক্ষতা প্রশিক্ষণ থেকে, উদ্ধার ও সঙ্কটে হস্তক্ষেপ, পারস্পরিক সমর্থন ও পরামর্শ, এবং পথ নাট্যশালায় ও ক্রীড়া কার্যক্রমে অংশগ্রহণ করতে শিশু গৃহকর্মীদের জন্য তালিকাভুক্তি এবং শিক্ষাগত সহায়তা থেকে এই পরিসরগুলো। পিতামাতা, সামাজিক নেতা এবং শিক্ষকদের সচেতনতা বৃদ্ধিতে ব্যক্তিক এবং দলীয় আলোচনা, সভা এবং প্রশিক্ষণ অধিবেশন দ্বারা এইসব সংসর্গী হয়। অনেক শিশুর অংশগ্রহণ শিশুদের সংঘ গঠন করেছে। তারা এনডিডব্লিউএম-এর প্রচারণা কার্যক্রমে সক্রিয় হয়েছে – মিছিল, সংবাদ সম্মেলন, সরকারী কর্মকর্তাদের সাথে সংলাপ, স্বাক্ষর সংগ্রহ – শিশুশ্রম নিষিদ্ধ করতে এবং সকল গৃহকর্মীদের নিরাপত্তায় আইন পাসের জন্য।

### Action by NDWM:

### এনডিডব্লিউএম দ্বারা পদক্ষেপঃ

২০০৬ সাল থেকে, এনডিডব্লিউএম শিশু গৃহকর্মী এবং ঝরে পড়া বা অশিক্ষিত শিশুদের (৬ থেকে ১৪ বছর) জন্য অনানুষ্ঠানিক কেন্দ্র চালাচ্ছে। এনডিডব্লিউএম যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের দ্বারা বিভিন্ন বিষয়ের উপর শ্রেণীতে উপস্থিত থাকতে শিশুদের জড়ো করে। তারা প্রতিদিন তিনঘণ্টার জন্য, সপ্তাহে ৬ দিন, শ্রেণীতে উপস্থিত থাকতে পারে। তাদের সরনজামাদি, বই এবং পুষ্টিকর খাদ্য প্রদান করা হয়েছে। শিক্ষকগণ এবং এনডিডব্লিউএম দল

প্রথমে পিতামাতাদের সাথে সাক্ষাত করে শিক্ষার গুরুত্ব এবং শিশুদেরকে কেন্দ্রে পাঠানোর উপকারিতার উপর তাদের সচেতনতা বৃদ্ধি করতে যেখানে তারা তাদের সহকর্মীদের সাথে শিখতে এবং আনুষ্ঠানিক শিক্ষার জন্য প্রস্তুত হতে পারে।

শিক্ষকেরা স্থানীয় স্কুলগুলোর সাথে নিয়মিত যোগাযোগে থাকেন। ২০০৬ সাল থেকে, কিছু ৭০০ শিশু কেন্দ্রগুলোর মাধ্যমে পাস করেছে। যেহেতু বাচ্ছাদের মায়েরা সাধারণত গৃহকর্মী, তারা সাধারণত এনডিডব্লিউএম-এর প্রবক্তাদের সাথে গঠনমূলক সংলাপে যুক্ত হতে সুগ্রাহী।

আরেকটি ভাল চর্চা হচ্ছে নারী এবং শিশুদের পাচারের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি কর্মসূচী। এলাকাগুলোতে যেখানে ব্যাপকহারে পাচার হয়, এনডিডব্লিউএম সমন্বিত কর্মসূচী পরিচালনা করে যা প্রচারপত্র বিতরণ; পথনাটক; পিতামাতা, সামাজিক নেতা এবং কর্তৃপক্ষদের সাথে সংলাপ; বিদ্যালয় পরিদর্শন, পোস্টার প্রদর্শন এবং গণমাধ্যম প্রচারাভিযান অন্তর্ভুক্ত করে। কিছু নির্দিষ্ট এলাকায়, শিশুদের পাচারে নজরদারি রাখতে এবং পাচারকারীদের সনাক্ত ও অভিযুক্ত করতে এনডিডব্লিউএম দ্বারা যুব সমিতি গঠন করা হয়েছে।

## Lessons learned:

**শিক্ষা পাওয়াঃ** এনডিডব্লিউএম-এর দ্বারা বিভিন্ন শিক্ষা পাওয়ার মধ্যেঃ

- পিতামাতাদের সাথে সম্পর্ক তৈরি হচ্ছে প্রথম অগ্রাধিকার।
- পিতামাতা এবং সন্তানদের জন্য নিয়মিত যোগাযোগ এবং কর্মকাণ্ড অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- তথ্য সংগ্রহ একটি চলমান কর্মকাণ্ড হওয়া উচিৎ।
- শিশুদের নিজেদের দল গঠন এবং নিজেদের মধ্য থেকে দলপতি তৈরি করার স্বীকৃতি পাওয়া গুরুত্বপূর্ণ।
- শিশু নিরাপত্তা এবং নির্যাতন ও শোষণের ঘটনাবলী নিয়ন্ত্রনের উপর প্রাপ্তবয়স্ক গৃহকর্মীদের জন্য প্রেরণাদায়ী প্রশিক্ষণ একটি আবশ্যক।
- সমমনস্ক দলগুলোর সাথে পরিচিতি বৃদ্ধি অপরিহার্য।

***********

## The case of the NDWM in Bihar

### বিহারে এনডিডব্লিউএম-এর ঘটনা

বিহারে (জনসংখ্যায় ইন্ডিয়ার তৃতীয় বৃহত্তম প্রদেশ), গৃহকর্মীরা – প্রায় সবাই নারী – তাদের পরিবারের সাথে বস্তিতে থাকে, যদিও তারা তাদের জীবনের একটি বিশাল অংশ তাদের কর্মস্থলে কাটায়। তাদের স্বামীরা যখন যে কাজ পাওয়া যায় তাই-ই করেঃ রিকশা চালানো, রং করা, রাজমিস্ত্রির কাজ ইত্যাদি, এবং মদ্যাশক্তি পুরুষদের মধ্যে সবচেয়ে ব্যাপক। তাদের সন্তানেরা তাদের মৌলিক অধিকার থেকে বঞ্চিতঃ শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, এবং শিশুশ্রমিক হিসেবে নির্যাতন ও শোষণ থেকে নিরাপত্তা।

প্রায় সব মেয়েরাই (প্রায় ৯৯ শতাংশই) গৃহকর্মে যায়। ৪ বছর বয়সের মতন অল্প বয়স, তারা তাদের মায়েদের সঙ্গ দেয় এবং তারা নিজেদেরাই কাজ শুরু করে যখন তারা আরেকটু বয়স্ক হয়। Bachpan Bachao Andolan (ইন্ডিয়ায় শিশুরক্ষা আন্দোলন) দ্বারা কৃত একটি সাম্প্রতিক গবেষণা দেখায় যে, দারভাঙ্গা (Darbhanga) জেলায় ৬-১৪ বছরের নিবন্ধিত শিক্ষার্থী হিসেবে তালিকাভুক্ত অনেক শিশুই আসলে নতুন দিল্লীতে ঋণশ্রমিক হিসেবে কাজ করছে। গবেষণাটি আরও উন্মোচন করে যে ৬ থেকে ১৪ বছর বয়সের সকল শিশুর ২৫%-ই বিদ্যালয়ে নেই। যদিও ঘরে বা অন্য যেকোনো প্রকার কাজে ১৪ বছরের নিচে শিশুদের নিয়োগ নিষিদ্ধ, প্রাদেশিক কর্তৃপক্ষ শিশুদের নিয়োগকর্তাদের প্রতি "অত্যন্ত সদয়"।

সেখানে পূর্ণকালীন শিশুউউউ গৃহকর্মী আছে যারা দালালদের দ্বারা প্রদেশের গ্রামীণ এবং উপজাতীয় এলাকাগুলো থেকে পাচার হয়েছিল এবং পাটনার রাজধানী শহর ও অন্যান্য এলাকায় বিভিন্ন বসতবাড়িতে ন্যস্ত/বিক্রীত হয়েছিল। এই শিশুরা প্রায়ই শারীরিক, যৌন এবং মানুষিকভাবে নির্যাতিত হয়; বেশিরভাগই বেতন পায়না অথবা বাইরে যেতে বা তাদের পরিবারের সাথে যোগাযোগ করতে অনুমতি পায়না। আদিবাসী এলাকাগুলো থেকে শিশুদের নিখোঁজ হবার ঘটনাগুলো সাধারণ।

---

## Alternative schools for adult and child domestic workers: Jala PRT – Domestic Workers' Network, Indonesia

**প্রাপ্তবয়স্ক এবং শিশু গৃহকর্মীদের জন্য বিকল্প বিদ্যালয়ঃ Jala PRT - গৃহকর্মীদের নেটওয়ার্ক, ইন্দোনেশিয়া**
Jala PRT হচ্ছে জুলাই ২০০৪ সালে প্রতিষ্ঠিত জাতীয় পর্যায়ে গৃহকর্মীদের একটি সমর্থিত নেটওয়ার্ক। এটি ২৬টি এনজিও এবং গৃহকর্মীদের সুরক্ষায় নিবদ্ধ দল নিয়ে গঠিত। Yogyakarta-এ গৃহকর্মীদের জন্য এটি Rumpun বিকল্প বিদ্যালয় পরিচালনা করে। বিদ্যালয়টি বিভিন্ন বিষয়ের উপর তরুণ, অধিকাংশই ১৫ বছর বা তার উপরের, গৃহকর্মীদের জন্য কার্যক্রম পরিচালনা করেঃ গাড়ী চালানো, ইংরেজি, কম্পিউটার, ঘরোয়া ব্যবস্থাপনা, বাচ্চাদের দেখাশোনা, মৌলিক শুশ্রুষা, স্বাস্থ্য ও সুরক্ষা, প্রজনন অধিকার ইত্যাদি। এছাড়াও সেখানে নাট্যশালা, সঙ্গীত এবং খেলাধুলার উপর অনেক কোর্স আছে। বিদ্যালয়টি গৃহকর্মীদেরকে তাদের অধিকার সম্পর্কে এবং কিভাবে এদের সুরক্ষা করতে হবে তার উপর সচেতনতা বৃদ্ধিতে মনোনিবেশ করে যা একে অতুলনীয় করে। মানব, শ্রম ও শিশু অধিকার, লিঙ্গ সমতা, পৌরনীতি, আইন এবং ভবনের উপর অধিবেশন এবং গৃহকর্মীদের সংগঠনগুলোকে শক্তিশালীকরণ এই কার্যক্রমগুলোতে একত্রিত হয়।

Jala PRT-এর শিক্ষা কার্যক্রমগুলো আরও অনেক নেটওয়ার্কের সদস্যদের শিশু গৃহকর্মীদের জন্য একই রকমের বিদ্যালয় প্রতিষ্ঠাপিত করতে উৎসাহিত করেছে, এবং গৃহকর্মে শিশুশ্রমিকদের এবং তরুণ গৃহকর্মীদের সুরক্ষা ও সংগঠিত করার জন্য লড়তে থাকা একটি দৃঢ় সমর্থনকারী হিসেবে এটি Jala PRT-এর মর্যাদাকে মজবুত করেছে। Yogyakarta-এ স্থানীয় জনশক্তি (শ্রম বিভাগ) কার্যালয় এবং প্রাদেশিক সরকার প্রতিষ্ঠানটির কর্মসংস্থান চুক্তি এবং মানসম্পন্ন সুরক্ষার শর্তাবলীকে নিয়োগকর্তা এবং গৃহকর্মীদের মধ্যে ভাল কাজের-সম্পর্ক স্থাপনে, এইভাবে তরুণ গৃহকর্মীদের জন্য ভাল কাজের শর্তাবলী তৈরিতে, নকশা হিসেবে বিবেচনা করে।

## Building coalitions and strengthening cooperation: SUMAPI Philippines

### জোট গঠন এবং সহযোগিতা জোরদারঃ SUMAPI ফিলিপাইন

১৯৯৫ সালে প্রতিষ্ঠিত, SUMAPI হচ্ছে ফিলিপাইনে গৃহকর্মীদের জন্য প্রথম সংস্থা। Visayan Forum- নামক একটি এনজিও যারা অরক্ষিত প্রবাসীদের ক্ষমতায়নের জন্য কাজ করছে, বিশেষ করে মানব পাচার এবং গৃহ-দাসত্বের শিকার, এবং তারা শিশুশ্রমের বিরোধী; এদের সহযোগিতায় SUMAPI স্থাপিত হয়েছিল। SUMAPI-এর সংগঠিত কাজগুলো পরিচালিত বাইরে পৌঁছাতে এবং তরুণ গৃহকর্মী – অধিকাংশ নারীদের – সংগঠনে যেহেতু তারা তাদের রবিবারের বন্ধের সময়ে মিলিত হয়। SUMAPI উদ্যান, বিদ্যালয়, গীর্জা এবং পাচারের অন্যান্য গমন-পথগুলোতে ভিত্তি করে নেটওয়ার্ক মূলদলগুলো দ্বারা গঠিত। একসাথে তারা গৃহকর্মীদের, বিশেষকরে শিশু গৃহকর্মীদের, দুর্দশার সম্পর্কে কথা বলে। আইনী সংস্কার, পাচারের বিরুদ্ধে ব্যবস্থা, নিরাপদ স্থানান্তর নিশ্চয়তার প্রয়োজনীয়তা এবং শিশু গৃহকর্মীদের জন্য শিক্ষার অগ্রাধিকারসহ SUMAPI গৃহকর্মীদের জন্য ১০টি কর্মসূচি দ্বারা পরিচালিত হয়। SUMAPI-এর বিশেষ ক্ষমতা হচ্ছে অন্যান্য নাগরিক সমাজের প্রতিষ্ঠানগুলিতে জড়িত হবার সামর্থ্য এবং আঞ্চলিক কর্তৃপক্ষকে আইনী ফাঁকফোকর সনাক্ত করতে প্রভাবিত করা। উদাহরণস্বরূপ, Batas Kasambahay-এর উন্নয়ন এবং গ্রহণের সময়, ফিলিপাইনের গৃহকর্মী আইন, SUMAPI-এর জাতীয় কারিগরী দলে নিয়মিত আসন ছিল, আইনটি নিয়ে আলোচনা এবং এটির প্রতিনিধিদের জাতীয় সিদ্ধান্ত-প্রণয়নের প্রক্রিয়ায় একটি ভূমিকা দেওয়া যা জানুয়ারী ২০১৩ সালে এই মৌলিক আইন গ্রহণে নেতৃত্ব দেয়। একযোগে, SUMAPI সদস্যরা আইএলও গৃহকর্মী নীতি, ২০১১ (১৮৯ নং) এর অনুমোদনের জন্য বেসামরিক সমাজের সমর্থনে সাহায্য করেছিল যা পৃথিবীতে দ্বিতীয় রাষ্ট্র হিসেবে ফিলিপাইন সরকার দ্বারা ২০১২ সালে অনুমোদিত। একজন SUMAPI নেতা এটি উল্লেখ করেন, "আমাদের অনেক সদস্য রাজনৈতিক ও সরকারি কর্মকর্তাদের সাথে সংগঠন করছে এবং কথা বলছে, শিশু গার্হস্থ্য কর্মীদের অধিকার দাবী জানাচ্ছে এবং তদবির করছে। গতবছর আমাদের রাষ্ট্রপতির ভাষণের সময়, তিনি ঘোষণা করেছিলেন যে শিশু গৃহকর্মীদের নিরাপত্তায় একটি জাতীয় আইনের এটিই উপযুক্ত সময় ছিল, তাই সরকার স্বীকৃতি দিয়েছে যে শিশু গৃহকর্মীদের প্রয়োজনীয়তায় সমর্থনে এটি গুরুত্বপূর্ণ।" আর্নল্ডের গল্প।

************

## The story of Arnold, SUMAPI leader from Cebu

### আর্নল্ডের গল্প, Cebu থেকে SUMAPI নেতা

"আমি আমার উচ্চবিদ্যালয়ের প্রথম বছরে SUMAPI-এর একজন সদস্য হিসেবে শুরু করি। আমি Cebu শহরে একজন শিশু গৃহকর্মী ছিলাম। আমি জানতাম না যে আমার নিয়োগকর্তা আমার সাথে ভালোভাবে আচরন করবেনা। আমাকে একটি কক্ষ ও বিছানা দেওয়ার পরিবর্তে, তারা আমাকে স্টোরে ঘুমাতে দেয়, এবং আমাকে উচ্ছিষ্ট খেতে দেয়। আমাকে একটি মুষ্ট্যাঘাত থলে বানানো হয়েছিল। এতকিছুর পরেও, আমি বিদ্যালয়ে হেতাম এবং প্রধান শিক্ষক আমাকে সহায়তা করেন। আর তখনই আমি Visayan Forum ও SUMAPI-এর সাক্ষাত পাই এবং আমি SUMAPI কাজ এবং শিশু গৃহকর্মীদের অধিকারের উপরে একটি ধারণা পাই। তারা আমাকে একটি ভিডিও দেখায় এবং তখনই আমি অনুভব করেছিলাম আমার সাথে আমার নিয়োগকর্তা যা করে তা

ঠিক নয়, এবং আমার অধিকার আছে। যখন আমি অনুভব করি যে আমি নির্যাতিত, আমি SUMAPI স্বেচ্ছাসেবক হয়ে যাই। কর্মীদের একজন আমাকে জিজ্ঞেস করেছিল যে আমি আমার নিয়োগকর্তার বিরুদ্ধে কোন মামলা করতে চাই কিনা; আমি না বলেছিলাম কারণ আমি চাইনি কেউ কষ্ট পাক। তাই আমার নিয়োগকর্তা আমার দিকে বন্দুক তাক করে গুলি করার আগ পর্যন্ত (ভাগ্যক্রমে তা আমার গায়ে লাগেনি) আমি কাজ করতে থাকি। তাই আমি মামলা করি, এবং শুনানির সময় আমি আমার অধিকারের দাবি জানাই, এবং উপদেষ্টাদের একজন আমার মামলাটির বিশেষ পর্যবেক্ষণে নেন এবং আমাকে সাহায্য করেন। তখনই আমি নেতা হই। আমি আমার উচ্চবিদ্যালয় শেষ করি এবং তারপর SUMAPI আমাকে ঢালাই কাজের জন্য বৃত্তি দিয়ে সহায়তা করে এবং এখন আমি একজন অনুমতিপ্রাপ্ত ঢালাইকর।"

## Accessing child domestic workers through engaging their employers – Wote Sawa, Tanzania

### শিশু গৃহকর্মীদের তাদের নিয়োগকর্তাদের মাধ্যমে সংস্পর্শে আসা - Wote Sawa, তাঞ্জিনিয়া

Wote Sawa হচ্ছে Mwanza, তাঞ্জিনিয়ায় বর্তমান এবং প্রাপ্তন শিশু গৃহকর্মীদের তরুণ-নেতৃত্ব দ্বারা গঠিত একটি দল, যা শিশু গৃহকর্মীদের নিজস্ব অধিকার এবং সবধরণের নির্যাতন, যৌন সহিংসতা এবং শিশুশ্রমমুক্ত জীবনের সমর্থনে তাদের ক্ষমতায়নে বিদ্যমান। এপর্যন্ত, **নেটওয়ার্কের সমর্থন** গঠনে Wote Sawa কয়েকশ বর্তমান এবং প্রাপ্তন শিশু গৃহকর্মীদের নিয়োগ এবং প্রশিক্ষন দিয়েছে - যারা উত্থাপিত বিষয়গুলির সাথে আলোচনা করতে এবং কৌশল নির্ধারণে ত্রৈমাসিক বৈঠক করে। দলটি তাদের সদস্যদের বিকল্প কর্মসংস্থান পেতে দক্ষতা উন্নয়নেও সহায়তা করে।

এদের সদস্যদের মাধ্যমে, Wote Sawa নির্যাতিত অনেক শিশু গৃহকর্মীদের নিয়োগ এবং পরামর্শ দিয়েছে। এটি শিশু গৃহকর্মীদের সুরক্ষায় উপবিধি উন্নয়নে স্থানীয় কর্মকর্তারা সাথে জড়িত হয়েছে এবং রেডিও আলোচনা অনুষ্ঠান এবং গণমাধ্যমে নিয়মিত অংশগ্রহন করছে। এটি তাঞ্জিনিয়া গৃহকর্মী জোট স্থাপনের চেষ্টায়ও অগ্রভাগে থাকে, যা ২০১২ সালে আনুষ্ঠানিকভাবে নিবন্ধিত হয়েছে।

**********

## Wote Sawa engages employers to recognize children's rights:

### Wote Sawa শিশুঅধিকার স্বীকৃতিতে নিয়োগকর্তাদের জড়ায়ঃ

"যখন আমরা শুরু করি, অধিকাংশ নিয়োগকর্তাই খোলামেলাভাবে স্বীকার করতোনা যে তাদের শিশু গৃহকর্মী ছিল। তারা তাদেরকে আত্মীয় বলে পরিচয় দিতো, এবং সত্য বলে চাকরী হারানোর ভয়ে শিশুরাও তাতে একমত হত। চার বছর আগে, এইসব শিশুদের সনাক্ত করাটা অনেক কঠিন ছিল কারণ তারা তাদের নিয়োগকর্তাদের দ্বারা লুকায়িত ছিল। শিশুরা নিজেরা অনেক শান্ত, তারা খোলামেলাভাবে তাদের সমস্যা নিয়ে কথা বলতে প্রস্তুত ছিলনা, এবং যদি তারা নিজেদের অবস্থানে নিজেদের হাল ছেড়ে দিয়েছে এমন হিসেবে ছিল।

তারপর থেকেই নিয়োগকর্তাদের শিশুঅধিকারের ব্যাপারে সচেতন করার মাধ্যমে আমরা শিশু গৃহকর্মীদের সাথে যোগাযোগে আসতে পারতাম। শিশুদের বিদ্যালয়ে ফেরত যাওয়ার অনুমতি পেতে আমরা শিশু আইন ২০০৯-কে নিয়োগকর্তাদের পেতে স্প্রিংবোর্ড হিসেবে ব্যবহার করেছিলাম, এবং নিয়োগকর্তাদের নজরদারিতে এবং তারা সন্তানের অধিকার মেনে চলছে নিশ্চিত করতে নিয়োগকর্তাদেরই একটি দল গঠন করি। ২০০৯ সালে ১২জন নিয়োগকর্তা জড়িত ছিল, এবং ৪ বছর পর এটি বেড়ে ২০০-র অধিক হয়েছে।"